

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়  
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

সিটিজেন চার্টার (নাগরিক সেবা)

ক্র. নং	সেবার নাম	সেবা গ্রহণের পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	নির্দিষ্ট সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারের বিধান
০১	০২	০৩	০৪	০৫
০১	ভিডিওনিউবি কার্যক্রম	নীতিমালা অনুযায়ী ইউনিয়ন পরিষদে প্রদত্ত ইউজার আইডি'র মাধ্যমে যথাযথভাবে অনলাইন আবেদন করতে হয়। ইউনিয়ন পরিষদ আবেদনকারী দুঃস্থ মহিলাদের প্রাথমিক তালিকা করে যাচাই-বাছাই অন্তে চূড়ান্ত তালিকা প্রস্তুত করে অনলাইনে প্রেরণ করতঃ চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ কর্তৃক স্বাক্ষরিত হার্ডকপি উপজেলায় প্রেরণ করেন। প্রাপ্ত তালিকা উপজেলা কমিটি অনুমোদন করলে উপকারভোগী হিসেবে অন্তর্ভুক্ত করা হয়।	২ (দুই) বছর মেয়াদে প্রতিমাসে ৩০ কেজি চাল বিতরণ করা হয়।	-
০২	মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম	স্থায়ী বাসিন্দা অথবা যার এই এলাকায় নিজস্ব বশত-ভিটা আছে তাদের মধ্যে হতে অপেক্ষাকৃত দুঃস্থ মহিলারা আয় বর্ধক কার্যকালের জন্য ৫% সার্ভিস চার্জসহ ২৫,০০০-৭৫,০০০/= টাকা পর্যন্ত মাসিক কিস্তিতে পরিশোধ সাপেক্ষে তিন বার পর্যন্ত ঋণ গ্রহণ করতে পারবে। উক্ত ঋণ ১ বৎসর মেয়াদী হয়।	বছরে ১ (এক) বার প্রদান করা হয়।	-
০৩	মা ও শিশু সহায়তা কর্মসূচি	নীতিমালা অনুযায়ী গর্ভবর্তী দুঃস্থ মহিলা প্রতিমাসে ১৫ তারিখের মধ্যে ইউনিয়ন পরিষদ উদ্যোক্তার নামে প্রদত্ত ইউজার আইডি'র মাধ্যমে এমআইএস পদ্ধতিতে ৪০/- (চল্লিশ) টাকা ফি প্রদান করে অনলাইন আবেদন করতে হয়। প্রাপ্ত আবেদনগুলো ইউনিয়ন পর্যায়ে যাচাই-বাছাই অন্তে প্রতিমাসের ২০ তারিখের মধ্যে সুপারিশসহ অনলাইনে উপজেলায় প্রেরণ করতঃ চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ কর্তৃক স্বাক্ষরিত হার্ডকপি উপজেলায় প্রেরণ করেন। ইউনিয়ন থেকে প্রাপ্ত তালিকা উপজেলা কমিটি অনুমোদন করলে উপকারভোগী হিসেবে অন্তর্ভুক্ত করা হয়।	৩ (তিন) বছর মেয়াদে মাসিক ৮০০/- টাকা হারে G2P পদ্ধতিতে উপকারভোগীদের ব্যাংক হিসাবে/বিকাশ/রকেট/ব্যাংক এশিয়ার মাধ্যমে স্থানান্তরের মাধ্যমে বিতরণ করা হয়।	-
০৪	কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প	প্রতিটি ইউনিয়নে ১ টি ও পৌরসভায় ১ টি করে কিশোর-কিশোরী ক্লাব গঠন করা হয়েছে। যার সদস্য সংখ্যা ৩০ জন, তন্মধ্যে ২০ জন কিশোরী ও ১০ জন কিশোর; ১০-১৮ বছর বয়সী কিশোর-কিশোরীরা ০১ বছরের জন্য এই ক্লাবের সদস্য হতে পারে। ক্লাব ঘর থেকে ১ কিলোমিটারের মধ্যে বসবাসকারী কিশোর-কিশোরীদের ছবিসহ তালিকাভুক্ত করা হয়।	প্রকল্পের মেয়াদ অনুযায়ী প্রতিবছরে নতুন সদস্য অন্তর্ভুক্ত করা হয়।	-
০৫	উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, যৌতুক ও বাল্য বিবাহ প্রতিরোধ	নির্যাতিত নারী ও শিশুদের অভিযোগ গ্রহণ করা হয়। উভয় পক্ষের শুনানী গ্রহণ পূর্বক সমস্যার সমাধান করা হয়। অন্যথায় পরবর্তী ব্যবস্থা গ্রহণের দিক নির্দেশনা দেওয়া হয়। বাল্য বিবাহের অভিযোগ পেলে তাৎক্ষণিক ভাবে থানা প্রশাসনের সহযোগিতায় বিয়ে বন্ধ করার উদ্যোগ নেওয়া হয়।	১৫ (পনের) কার্যদিবস	প্রাপ্ত অভিযোগ মিমাংসা করতে ব্যর্থ হলে অভিযোগকারীকে আদালতে যাওয়ার পরামর্শ প্রদান করা হয়।
০৬	দুঃস্থ নারী ও শিশু কল্যাণ তহবিল	দুঃস্থ নারী ও শিশুদের আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে মন্ত্রণালয়ের নির্ধারিত আবেদন ফরমে ইউ,পি চেয়ারম্যানগণের সুপারিশ সহকারে নাগরিক সনদ সংযুক্ত করে ফরম পূরণ পূর্বক ছবিসহ সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় বরাবর আবেদনকারী ব্যক্তিগতভাবে প্রেরণ করতে হয়।	-	-
০৭	আইনগত সহায়তা প্রদান	যে সকল অসহায় মহিলাগণ চলতি মামলার খরচ চালাইতে অক্ষম সেই সকল মহিলাদের লিগ্যাল এইডের উকিলের মাধ্যমে আইনগত সহায়তার পরামর্শ প্রদান করা হয়।	-	-

০৮	বেগম রোকেয়া পদক	প্রতি বছর জুন মাসের প্রথম সপ্তাহে যে সকল নারীরা নারী শিক্ষা, নারী অধিকার এবং আর্থ-সামাজিক উন্নয়ন, চরিত্রগুণ ও দেশস্ববোধে অনবদ্য, গ্রাম বাংলার লোকজ সাহিত্য ও সাংস্কৃতির মাধ্যমে নারী জাগরণ, নারীদের আর্থ-সামাজিক উন্নয়ন এবং পল্লী উন্নয়নে অবদান থাকে শুধু তারাই আবেদন করতে পারবে। এ ক্ষেত্রে ২ কপি পাসপোর্ট এবং ২ কপি স্ট্যাম্প সাইজের ছবি ফরম পূরণ পূর্বক অত্র অফিসে জমা দিতে হবে।	প্রতিবছর ১ বার (এপ্রিল মাস)	-
০৯	বিভিন্ন দিবস পালন	৮ ই মার্চ আন্তর্জাতিক নারী দিবস, ১৭ই মার্চ শিশু দিবস, ১৫ই আগস্ট শোক দিবস, ৯ ই ডিসেম্বর বেগম রোকেয়া দিবসসহ অন্যান্য দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হয়।	নির্দিষ্ট তারিখে	-
১০	কোট থেকে প্রাপ্ত মামলার তদন্ত	নারী ও শিশু নির্যাতন ড্রাইবুন্ডল হতে প্রেরিত মামলা তদন্ত করা হয়ে থাকে। আমলগ্রহণকারী আদালত থেকে প্রেরিত মামলার মালামাল উদ্ধার করা হয়।	১৫ (পনের) কার্যদিবস	-
১১	মহিলা সংগঠন	রেজিস্টার্ড মহিলা সংগঠনগুলো কার্যক্রম পরীক্ষা করা হয়। সংগঠনের মহিলাদের নিয়ে নারী ও শিশু নির্যাতন, যৌতুক, বাল্য বিবাহ, নারী ও শিশু পাচার প্রতিরোধে সচেতনামূলক উঠান বৈঠক করা হয়। তাছাড়া প্রতিবছর নভেম্বর মাসে বাৎসরিক অনুদান প্রদান করা হয়।	বছরে ১ (এক) বার	-
১২	“জয়িতা অল্পে বাংলাদেশ” শীর্ষক কর্মসূচি	নীতিমালা অনুযায়ী ০৫ টি ক্যাটাগরীতে ০৫ জন জয়িতা নির্বাচনের নিমিত্ত পৌরসভা ও ইউনিয়ন পরিষদে পত্র দেয়া হয় এবং বিভিন্ন প্রচার প্রচারণা করা হয়। প্রাপ্ত আবেদনের ভিত্তিতে উপজেলা কমিটি কর্তৃক যাচাই-বাছাই অল্পে ০৫ টি ক্যাটাগরীতে ০৫ জন জয়িতা নির্বাচন করে সম্বর্ধনা দেওয়া হয়। জেলা পর্যায়ে জয়িতা নির্বাচনের নিমিত্ত উক্ত নির্বাচিত জয়িতাদের তথ্য জেলা পর্যায়ে প্রেরণ করা হয়।	নির্বাচিত জয়িতাদের ক্রেস্ট ও সার্টিফিকেট প্রদানের মাধ্যমে সম্বর্ধনা প্রদান করা হয়।	-